

"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।



ফোন: ৮৮-০২-২২২২১৮৫০৭  
ফ্যাক্স: ৮৮-০২-২২২২১৮২১৫  
ই-মেইল: info@baera.gov.bd  
ওয়েবসাইট: www.baera.gov.bd

সূত্র নং: বিএইআর-৬(০৫)/১৯৯৯ ভলি. ০২

তারিখ: ০৩/০৮/২০২৩খ্রি.

### অফিস আদেশ সংখ্যা-২৩/২০২৩

বিষয়: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ (বাপশনি) আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা-১৯৯৭ অনুযায়ী নির্ধারিত **Radioactive Source ও Radiation Generating Equipment** ব্যবহারকারী প্রতিষ্ঠানের ব্যবহারিক লাইসেন্স (নতুন/নবায়ন) এবং আমদানি-রপ্তানি লাইসেন্স (নবায়ন) এর মেয়াদ নির্ধারণ।

১। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা-১৯৯৭ এর বিধি-১০.৬ মোতাবেক এবং International Atomic Energy Agency (IAEA) এর Safety Standard অনুযায়ী Graded Approach অনুসরণে Category-৪ ও ৫ এর Radioactive Source (স্বল্প ঝুঁকিসম্পন্ন সোর্স) ও Radiation Generating Equipment এর ব্যবহারিক লাইসেন্স (নতুন/নবায়ন) এবং আমদানি-রপ্তানি লাইসেন্স (নবায়ন) এর মেয়াদ নিম্নরূপে নির্ধারণ করা হলো:

ক্রমিক নং	ফ্যাসিলিটি বিবরণ	নতুন/নবায়নের মেয়াদকাল
ক)	তুলনামূলক কম বিকিরণ ঝুঁকি বিবেচনায় এবং IAEA এর Safety Standard অনুযায়ী Graded Approach এর অনুসরণে Radiation Generating Equipment [যেমন: Dental X-ray/OPG, Mobile/Hand Held X-ray, X-ray Fluorescence (XRF), X-ray Diffractometer (XRD), Luggage/Baggage/Body Scanner, Electron Capture Detector (ECD), Bone Mineral Densitometer (BMD) ইত্যাদি] সহ Category-৪ ও ৫* (তালিকা অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য) এর সমতুল্য বিকিরণ উৎপাদনকারী যন্ত্র/সোর্স (স্বল্প ঝুঁকিসম্পন্ন সোর্স) এর নতুন ব্যবহারিক লাইসেন্স প্রদান করা হবে।	সর্বোচ্চ ০২(দুই) বৎসর (নতুন)
খ)	অনুচ্ছেদ-ক এ বর্ণিত বিকিরণ উৎস সমূহসহ অন্যান্য X-ray মেশিন কক্ষের Shielding ব্যবস্থা পানিবিনি বিধিমালা-১৯৯৭ এবং Regulatory Guide অনুযায়ী সন্তোষজনক হলে নির্ধারিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন করা হবে। তবে বিশেষভাবে উল্লেখ্য যে, LINAC, Industrial X-ray for NDT, Security/Vehicle Scanner ইত্যাদি High Energy [150kV এর উর্ধ্বে] X-ray মেশিন এই আদেশের আওতামুক্ত থাকবে।	সর্বোচ্চ ০৫ (পাঁচ) বৎসর (নবায়ন)
গ)	তেজস্ক্রিয় পদার্থসহ সকল বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্র আমদানি/রপ্তানি কার্যক্রম পরিচালনার জন্য নির্ধারিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে আমদানি-রপ্তানি লাইসেন্স (ঙ-শ্রেণি/E-Class) নবায়ন করা হবে।	সর্বোচ্চ ০৫ (পাঁচ) বৎসর (নবায়ন)
ঘ)	শিক্ষা/গবেষণা/বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত কম ঝুঁকি সম্পন্ন Radiation Source এর ব্যবহারিক লাইসেন্স নির্ধারিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন করা হবে। উল্লেখ্য যে, Category-৪ ও ৫ এর অন্তর্ভুক্ত চিকিৎসাক্ষেত্রে ব্যবহৃত সোর্সের লাইসেন্স practice wise প্রদান করা হয় বিধায় এ ধরনের সোর্স এই আদেশের আওতামুক্ত থাকবে।	সর্বোচ্চ ০৩(তিন) বৎসর (নবায়ন)

\*Category 4 নির্ণয়ের নির্ধারিত সীমা:  $1 > A/D \leq 0.01$  এবং Category 5 নির্ণয়ের নির্ধারিত সীমা:  $0.01 > A/D$  &  $A > \text{exempt}$ . এক্ষেত্রে, A = activity of the source; D = Dangerous value for the source as given in IAEA TECDOC-1344 and IAEA Safety Guide No. RS-G-1.9

২। যদি কোন প্রতিষ্ঠানে একাধিক X-ray মেশিনের লাইসেন্স থাকে এবং তাদের মধ্যে এক/একাধিক X-ray মেশিন একই প্রতিষ্ঠানের অন্য ঠিকানায় স্থানান্তর করা হয় যেখানে পূর্বে লাইসেন্সকৃত কোন X-ray মেশিন নেই, তাহলে নতুন X-ray মেশিনের লাইসেন্সের জন্য ঐ প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে। এক্ষেত্রে মূল যে লাইসেন্স হতে X-ray মেশিন স্থানান্তর করা হবে সেটি সংশোধনের জন্য কোন ফি প্রয়োজন হবে না।

৩। X-ray মেশিন স্থানান্তরিত প্রতিষ্ঠানে পূর্বের লাইসেন্সকৃত X-ray মেশিন থাকলে উক্ত স্থানান্তরিত X-ray মেশিনটি ঐ লাইসেন্স এর অন্তর্ভুক্ত হয়ে যাবে। তবে শুধু সেই মেশিনটির (স্থানান্তরিত) নবায়ন ফি দিতে হবে।

৪। কোন লাইসেন্সে যদি ১টি X-ray মেশিন অন্তর্ভুক্ত থাকে এবং উক্ত X-ray মেশিনটি একই প্রতিষ্ঠানের অন্য কোন শাখায় স্থানান্তর করা হয় তাহলে মূল লাইসেন্সটি হালনাগাদ করে সমর্পণ করতে হবে। একই সাথে স্থানান্তরিত X-ray মেশিনটির জন্য নতুন শাখার বিপরীতে নতুন লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। উল্লেখ্য যে, নতুন শাখায় পূর্বের কোন লাইসেন্স থাকলে অনুচ্ছেদ-৩ অনুসরণ করতে হবে।

৫। লাইসেন্সধারী/ প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে সংশোধনী ফি একক লাইসেন্স ফি এর সমতুল্য হিসেবে প্রদান করতে হবে।

৬। একই প্রতিষ্ঠানের একাধিক লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ ডিসেম্বর ও জুন মেয়াদে পৃথক পৃথক থাকলে ০২(দুই)টি মেয়াদের লাইসেন্সকে এক মেয়াদে একীভূত করার জন্য অতিরিক্ত ০৬(ছয়) মাসের লাইসেন্স নবায়ন ফি (নবায়ন ফি এর ৫০%) প্রদান করে লাইসেন্সসমূহ একীভূত করা যাবে।

এ সংক্রান্ত পূর্বের অফিস আদেশ-৩১/২০২০ ও অফিস আদেশ-০১/২০২২ রহিত করা হলো। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ আফছার উদ্দিন

মুখ্য প্রশাসনিক কর্মকর্তা

প্রশাসন ও সংস্থাপন বিভাগ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফোন: +৮৮-০২-২২২২১৮২৪০

বিতরণ/কার্যার্থে:

- ১। বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
- ২। গার্ড ফাইল।


সদয় জ্ঞাতার্থে:

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। সদস্যবৃন্দ (সকল), বাপশনিক, ঢাকা।
- ৩। অর্থ উপদেষ্টা, বাপশনিক, ঢাকা।

নতুন/নবায়নকৃত লাইসেন্স এর মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে IAEA এর Safety Standards অনুযায়ী বিবেচ্য Category 4 & 5 ডুস্ত  
Practice ও বিকিরণ উৎসের তালিকা

Category	Categorization of common practices		Radionuclides usually used in this practice	Activity Ratio (A/D)*
4	Industrial gauges with moderate/low activity sources	Thickness Gauges	$^{85}\text{Kr}$ , $^{90}\text{Sr}$ , $^{241}\text{Am}$ , $^{147}\text{Pm}$ , $^{244}\text{Cm}$	$1 > A/D \geq 0.01$
		Fill-Level Gauges	$^{241}\text{Am}$ , $^{137}\text{Cs}$ , $^{60}\text{Co}$	
		Moister/Density Gauge	$^{241}\text{Am}$ -/Be, $^{137}\text{Cs}$ , $^{226}\text{Ra}$ , $^{252}\text{Cf}$	
		Moister Detectors	$^{241}\text{Am}$ -/Be	
		Density Gauge	$^{137}\text{Cs}$	
	Bone densitometers	$^{109}\text{Cd}$ , $^{153}\text{Gd}$ , $^{125}\text{I}$ , $^{241}\text{Am}$		
5	X-ray fluorescence (XRF) devices	$^{55}\text{Fe}$ , $^{109}\text{Cd}$ , $^{57}\text{Co}$	$0.01 > A/D$ and $A > \text{exempt}$	
	Electron capture devices (ECD)	$^{63}\text{Ni}$ , $^3\text{H}$		
	Mossbauer spectrometry	$^{57}\text{Co}$		
	Lighting Preventers	$^{241}\text{Am}$ , $^{226}\text{Ra}$ , $^3\text{H}$		

\*The category of any source can be determined by dividing the existing activity (A) of the radionuclide by the appropriate 'D' value given in IAEA TECDOC-1344 and IAEA Safety Guide No. RS-G-1.9

  
মো: আফছার উদ্দিন  
মুখ্য প্রশাসনিক কর্মকর্তা  
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭